

বাকুফে সভাপতির বিবৃতি – জানুয়ারি ২০১৯

সবাইকে শুভেচ্ছা জানিয়ে জানুয়ারি ২০১৯ এর বিবৃতি শুরু করছি।

মার্চে গড়াল বিপিএল ২০১৮-১৯

বহুল আকাঙ্ক্ষিত বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০১৮-১৯ এর খেলা জানুয়ারিতে মার্চে গড়িয়েছে। লীগের প্রথম ম্যাচে নবাগত নোফেল স্পোর্টিং ক্লাব কে ২-১ গোলে পরাজিত করে বর্তমান চ্যাম্পিয়ন ঢাকা আবাহনী। প্রথম দিনের দ্বিতীয় খেলায় শেখ জামালকে ১-০ গোলে হারায় বসুন্ধরা কিংস।

এই মৌসুমে প্রথমবারের মত বিপিএলের খেলা অনুষ্ঠিত হবে ৬ টি ভেন্যুতে। সেগুলো হলঃ ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম, ময়মনসিংহের রফিকউদ্দিন ভূঁইয়া স্টেডিয়াম, নীলফামারীর শেখ কামাল স্টেডিয়াম, গোপালগঞ্জের শেখ ফজলুল হক মনি স্টেডিয়াম, নোয়াখালীর শহীদ বুলু স্টেডিয়াম এবং সিলেট জেলা স্টেডিয়াম।

ঢাকার বাইরে ফুটবলের জনপ্রিয়তাকে জিইয়ে রাখতে এবং মানুষের আকাঙ্ক্ষার প্রতিফলন স্বরূপ আমরা এই পদক্ষেপ নিয়েছি। এছাড়া ঘরের মার্চে দেশের সেরা ফুটবলারদের খেলা দেখে নতুন প্রজন্মও অনুপ্রাণিত হবে।

আরও ১০ অ-১৮ মহিলা ফুটবলারকে প্রধানমন্ত্রীর সম্মাননা

সার্ব অ-১৮ চ্যাম্পিয়নশিপ জয়ের জন্য আরও ১০ জন মহিলা ফুটবলারকে সম্মাননা প্রদান করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। জানুয়ারির ২৪ তারিখে তিনি ১০ জন ফুটবলারের প্রত্যেককে ১০ লক্ষ এবং একজন টিম অফিশিয়ালকে ৫ লক্ষ টাকার চেক প্রদান করেন।

উক্ত ফুটবলাররা হলেন মাসুরা পারভীন, শিউলী আজিম, ইসরাত জাহান রত্না, মার্জিয়া, সানজিদা আক্তার, ইসরাত জাহান স্বপ্না, রুকসানা, কৃষ্ণা রানী সরকার এবং রাজিয়া খাতুন। আর টিম অফিশিয়াল ছিলেন খালিদ মাহমুদ।

মার্চে শুরু হচ্ছে বাকুফে ফুটবল একাডেমি

পহেলা মার্চ থেকে ঢাকার বেরাইদের মাদানী এভিনিউতে সদ্য গড়ে তোলা বাকুফে একাডেমিতে ছেলেদের দীর্ঘমেয়াদি প্রশিক্ষণ ক্যাম্প শুরু হতে যাচ্ছে।

একাডেমির জন্য অ-১৫ এবং অ-১৮ খেলোয়াড় খোঁজার কাজ ইতোমধ্যে শুরু হয়েছে যা দেশের প্রতিটি জেলায় অনুষ্ঠিত হবে। প্রাথমিকভাবে বাছাইকৃত খেলোয়াড়েরা ঢাকায় একটি চূড়ান্ত ট্রায়ালে অংশগ্রহণের মাধ্যমে একাডেমিতে ভর্তি হবার সুযোগ পাবে।

৩৬ মহিলা ফুটবলারের সাথে বাফুফের চুক্তি

এলিট উইমেন্স রেসিডেন্সিয়াল ক্যাম্পে প্র্যাকটিসেরত খেলোয়াড়দের মধ্যে থেকে ৩৬ জন খেলোয়াড়ের সাথে চুক্তি সম্পন্ন করেছে বাফুফে। চুক্তি স্বাক্ষরের দিন বাফুফে ভবনে আমন্ত্রণ জানানো হয় খেলোয়াড়দের অভিভাবকদের। তাদেরকে পরিচয় করানো হয় বাফুফের দীর্ঘমেয়াদি পরিকল্পনার সাথে। খেলোয়াড়দের বাবা-মা এবং অভিভাবকদের থেকে আমরা যে ইতিবাচক ধারণা পেয়েছি তা আমাদের অনুপ্রাণিত করেছে।

জর্ডান এফএ সভাপতির সাথে বৈঠক

জানুয়ারির ৫ তারিখে আবু ধাবিতে জর্ডান ফুটবল অ্যাসোসিয়েশন (জেএফএ) এবং ওয়েস্ট এশিয়ান ফুটবল ফেডারেশনের সভাপতি প্রিন্স আলী বিন আল হুসেইনের সাথে আমার একটি বৈঠক হয়। বৈঠকে বাফুফের নতুন একাডেমির জন্য জেএফএ থেকে সম্ভাব্য সাপোর্টের ব্যাপারে আলোচনা হয়।

নীলফামারী এবং ময়মনসিংহে বিপিএল ফুটবল

জানুয়ারি ২৩ এ নীলফামারীর শেখ কামাল স্টেডিয়ামে অনুষ্ঠিত হয় ভেন্যুটির প্রথম বিপিএল ম্যাচ।

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল এবং বাফুফে কার্যনির্বাহী কমিটির অন্যান্য সদস্যদের সাথে আমিও উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলাম। হোম টিম বসুন্ধরা কিংস উদ্বোধনী ম্যাচে ঢাকা আবাহনীকে ৩-০ গোলে পরাজিত করে।

এর আগে জানুয়ারির ১৯ তারিখে ময়মনসিংহের রফিকউদ্দিন ভূঁইয়া স্টেডিয়ামে এই মৌসুমের প্রথম বিপিএল ম্যাচ অনুষ্ঠিত হয়।

এপ্রিলে শুরু হচ্ছে বঙ্গমাতা অ-১৯ মহিলা আন্তর্জাতিক গোল্ড কাপ

আসছে এপ্রিলে বাফুফে আয়োজন করতে যাচ্ছে বঙ্গমাতা অ-১৯ মহিলা আন্তর্জাতিক গোল্ড কাপ। এই টুর্নামেন্টে বাংলাদেশসহ মোট ৬ টি দল অংশগ্রহণ করবে। এই টুর্নামেন্টের জন্য বাফুফে ও কে-স্পোর্টসের মাঝে জানুয়ারির ১৬ তারিখে একটি স্পন্সরশীপ চুক্তি স্বাক্ষরিত হয়।

অক্টোবরে শেখ কামাল আন্তর্জাতিক ক্লাব কাপ

জানুয়ারিতে অনুষ্ঠিত বাফুফে কার্যনির্বাহী কমিটির একটি মিটিং-এ সিদ্ধান্ত নেওয়া হয় শেখ কামাল আন্তর্জাতিক ক্লাব কাপ এবছরের অক্টোবরে আয়োজনের জন্য। একটি সফল টুর্নামেন্ট আয়োজনের জন্য আমরা আশাবাদী যা আমাদের অধিক টুর্নামেন্ট আয়োজনের লক্ষ্য পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ডিএফএ সভাপতিদের সাথে বৈঠক

জানুয়ারির ১২ তারিখে জেলা ফুটবল অ্যাসোসিয়েশনগুলোর সভাপতিদের সাথে আমার সাক্ষাৎ হয়। বৈঠকে সময়মত জেলা লীগগুলো সম্পন্ন করার করার জন্য আমি তাদের ধন্যবাদ জানাই। এছাড়াও বয়স-ভিত্তিক টুর্নামেন্ট আয়োজন এবং জেলা ফুটবল অ্যাসোসিয়েশনগুলোর অবকাঠামোগত উন্নয়নের ব্যাপারেও আমাদের মাঝে আলোচনা হয়।

কোচদের জন্য ধারাবাহিক সাপোর্ট

যেসব কোচরা ২০১৮ সালে তাদের এএফসি এ এবং বি সার্টিফিকেট কোর্স সম্পন্ন করেছেন তাদের জন্য আমরা ধারাবাহিক কোচিং সাপোর্টের ব্যবস্থা করেছি। এই সাপোর্টের মধ্যে রয়েছে বিপিএল এবং বিসিএল এর ক্লাবগুলোর সাথে কর্মরত কোচদের জন্য প্র্যাক্টিকাল কোচিং সাপোর্ট। সারাদেশের সকল কোচদের জন্য আমরা যে বিশেষায়িত কোচিং এবং এডুকেশন প্রভিশন প্রদান করতে চাই, এটি তারই একটি অংশ মাত্র।

এএফসি অ-১৬ কোয়ালিফিকেশন - রাউন্ড ২

অ-১৬ মহিলা ফুটবলাররা ২০১৯ এএফসি কোয়ালিফিকেশনের দ্বিতীয় রাউন্ডে অংশগ্রহণের জন্য অনুশীলনে ব্যস্ত। আমি তারদেরকে অনুশীলনে কঠোর পরিশ্রম করতে দেখেছি এবং আমি বিশ্বাস করি যে তারা টুর্নামেন্টে ভাল ফুটবল খেলবে। ফেব্রুয়ারির শেষাংশে মায়ানমারে টুর্নামেন্টটি অনুষ্ঠিত হবে।